

ডাক বিভাগের মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক সই হয়েছে। এই সমঝোতার মধ্য দিয়ে প্রতিষ্ঠান দুটি নানা রকম কার্যক্রম পরিচালনা করবে। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নগদে ইন্টার্নশিপ, কাজের সুযোগ ও গবেষণাকাজ করতে পারবেন।

মঙ্গলবার নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ সমঝোতা স্মারক সই হয়। এ সময় নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষ থেকে সমঝোতা স্মারকে সই করেন 'নগদ'-এর প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক তানভীর এ মিশুক ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন 'নগদ'-এর নির্বাহী পরিচালক মারুফুল ইসলাম ঝলক, মোহাম্মদ আমিনুল হক, 'নগদ'-এর চিফ বিজনেস অফিসার শেখ আমিনুর রহমান, প্রধান বিক্রয় কর্মকর্তা মো. শিহাব উদ্দিন চৌধুরী, চিফ অব পাবলিক অ্যাফেয়ার্স মোহাম্মদ সোলায়মান, মানবসম্পদ ও প্রশাসন বিভাগের পরিচালক শাহারিয়ার সাঈদ, সল্যুশন অ্যান্ড ইমপ্লিমেন্টেশন বিভাগের প্রধান শোভন সমদ্দারসহ 'নগদ'-এর উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এ সময় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড মো. ইসমাইল হোসেন, অধ্যাপক ড. মোহাম্মদ খসরু মিয়া, ডিরেক্টর পাবলিক রিলেশন্স অফিস জামিল আহমেদ, ক্যারিয়ার অ্যান্ড প্লেসমেন্ট সেন্টারের জব কাউন্সেলর সাদিয়া সুলতানা প্রমুখ উপস্থিত ছিলেন।

এই চুক্তির ফলে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা 'নগদ'-এ ইন্টার্নশিপ ও কাজের সুযোগ সম্পর্কে জানতে পারবে। পাশাপাশি শিক্ষার্থীরা তাদের থিসিস পেপার তৈরিতে 'নগদ'-এর সাথে যৌথভাবে কাজ করতে পারবে, যেখানে ব্যবহারিক গবেষণা অন্যতম। এ ছাড়া 'নগদ' লিমিটেড নর্থ সাউথ ইউনিভার্সিটির ক্যাম্পাসে বিভিন্ন ইভেন্ট ও নিয়োগ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করবে, যা বিশ্ববিদ্যালয়টি তার নিজস্ব ওয়েবসাইট, সামাজিক যোগাযোগমাধ্যম ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্লাবে প্রচার করবে।

এ ছাড়া নারী ক্ষমতায়ন, লিঙ্গ সমতা, ইন্ডাস্ট্রির সাথে একাডেমিক মেলবন্ধন তৈরির জন্য যৌথভাবে লিডারশিপ ট্রেনিং ও গবেষণা পরিচালনা করবে দেশের জনপ্রিয় মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস 'নগদ'ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়। পাশাপাশি এই সমঝোতার ফলে 'নগদ' ও এনএসইউ লিডারশিপ সার্টিফিকেট প্রোগ্রাম অফার করবে, যেখানে প্রতিষ্ঠান দুটি একত্রে কারিকুলাম তৈরি থেকে সম্পাদনার কাজটিও পরিচালনা করবে।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের বহু শিক্ষার্থী 'নগদ'-এর শুরু থেকেই প্রতিষ্ঠানটিতে সুনামের সাথে কাজ করে যাচ্ছেন। পাশাপাশি প্রতিষ্ঠানটিতে উচ্চপর্যায়ের অনেক কর্মকর্তা রয়েছেন যারা এনএসইউ-এর সাবেক শিক্ষার্থী।

'নগদ'-এর সাথে চুক্তির বিষয়ে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আতিকুল ইসলাম বলেন, 'আমাদের শিক্ষার্থীরা সারা পৃথিবীতে সুনামের সাথে কাজ করছেন। জেনে ভালো লাগল যে, নগদ-এর উর্ধ্বতন কর্মকর্তারা নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই। আমরা আশা করি এই সমঝোতা চুক্তির ফলে আমাদের বর্তমান শিক্ষার্থীরা উপকৃত হবেন। পাশাপাশি ভবিষ্যতে আমরা এমন বিভিন্ন উদ্যোগের মাধ্যমে শিক্ষার্থীদের আরো বেশি সুযোগ করে দিতে পারব।'

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সাথে সমঝোতা চুক্তির বিষয়ে 'নগদ'-এর প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক তানভীর এ মিশুক বলেন, 'নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের একজন সাবেক শিক্ষার্থী হিসেবে আমার নিজেরও দায় আছে বিশ্ববিদ্যালয়ের প্রতি। তার অংশ হিসেবে এই সমঝোতা চুক্তি। আমরা নগদ-এর পক্ষ থেকে শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন ও অগ্রগতির জন্য শুরু থেকে কাজ করেছি, যা আমাদের বিভিন্ন কর্মকাণ্ডের মাধ্যমে ইতিমধ্যেই দেশের মানুষ প্রত্যক্ষ করেছেন।'

সম্প্রতি যুক্তরাজ্যভিত্তিক সাময়িকী টাইমস হায়ার এডুকেশন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৩-এ যৌথভাবে বাংলাদেশের শীর্ষ দুটি বিশ্ববিদ্যালয়ের একটিতে নিজের স্থান করে নিয়েছে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় (এনএসইউ)। আর ইতিমধ্যেই বিশ্বের দ্রুত বর্ধনশীল ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিস হিসেবে স্বীকৃতি পেয়েছে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস 'নগদ'। ফলে প্রতিষ্ঠান দুটির মধ্যে এই সমঝোতার ফলে একদিকে উপকৃত হবেন বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থীরা, অন্যদিকে উপকৃত হবে 'নগদ'-ও।